



ছোট ভাই কোকোর ও শ্বশুরের কবর জিয়ারত করলেন তারেক রহমান



সংগৃহীত ছবি

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান শনিবার বনানীর কবরস্থানে গিয়ে ছোট ভাই আরাফাত রহমান কোকোর কবর জিয়ারত করেন। পরে তিনি বনানী সামরিক কবরস্থানে গিয়ে শ্বশুরসহ আরও কয়েকজন বিশিষ্ট ব্যক্তির সমাধিতে শ্রদ্ধা জানান।

শনিবার (২৭ ডিসেম্বর) দুপুরের পর বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান রাজধানীর বনানী কবরস্থানে পৌঁছে ছোট ভাই প্রয়াত আরাফাত রহমান কোকোর কবর জিয়ারত করেন। সেখানে তিনি কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থেকে মরহমের আত্মার মাগফিরাত কামনা করেন এবং বিশেষ মোনাজাতে অংশ নেন।

এরপর তিনি বনানীর সামরিক কবরস্থানে যান। সেখানে তার শ্বশুর, সাবেক মন্ত্রী ও নৌবাহিনীর সাবেক প্রধান রিয়ার অ্যাডমিরাল মাহবুব আলী খানের কবর জিয়ারত করেন। এ সময় তিনি শ্রদ্ধা নিবেদন করেন এবং সমাহিত অন্যান্য মরহমদের কবরেও দোয়া করেন।

এর আগে দিনের শুরুতে তারেক রহমান জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এবং ইনকিলাব মঞ্চের মুখপাত্র শহীদ শরিফ ওসমান হাদির কবর জিয়ারত করেন। পরে এনআইডি নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করতে তিনি আগারগাঁও নির্বাচন অফিসে যান। সব আনুষ্ঠানিকতা শেষ করে সেখান থেকে তিনি বনানীর কবরস্থানের উদ্দেশে রওনা দেন।